# 7th India – Indonesia Foreign Office Consultations

April 14, 2022

---

# সপ্তম ভারত-ইন্দোনেশিয়া বিদেশ দপ্তর সলা পরামর্শ

এপ্রিল 14, 2022

14ই এপ্রিল 2022 -এ ইন্দোনেশিয়ার জাকার্তাতে সপ্তম দফার ভারত-ইন্দোনেশিয়া বিদেশ দপ্তর সলা পরামর্শ (এফওসি) অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে যুগ্ম পৌরোহিত্য করেন ভারতের বিদেশ মন্ত্রকের সচিব (পূর্ব) শ্রী সৌরভ কুমার এবং ইন্দোনেশিয়ার বিদেশ মন্ত্রকের এশিয়া প্যাসিফিক এবং আফ্রিকার মহা নির্দেশক ডঃ আবদুল কাদির জাইলানি। শেষ এফওসিটি ভার্চুয়াল মোডে 25 জুন 2022 -এ অনুষ্ঠিত হয়েছিল।

2. দুই প্রতিনিধি দল ভারত-প্রশান্তমহাসাগরীয় অঞ্চলে সামুদ্রিক নিরাপত্তার সহযোগিতাকে আরও বৃদ্ধি করার প্রয়োজনীয়তা এবং ভারত-ইন্দোনেশিয়া ব্যাপক কৌশলগত অংশীদারিত্বকে শক্তিশালী করার জন্য তাদের অঙ্গীকারকে বজায় রাখার উপরে জোরারোপ করেছেন। তারা রাজনৈতিক আদানপ্রদান , প্রতিরক্ষা এবং সুরক্ষা সহযোগিতা, বাণিজ্য ও অর্থনৈতিক বিষয় সমূহ এবং কনস্যুলার বিষয়কে ঘিরে তাদের সামগ্রিক দ্বিপাক্ষিক সহযোগিতার পর্যালোচনা করেছেন।উভয় পক্ষ, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ও আচেহ প্রভিন্সের মধ্যে যোগাযোগকে উন্নত করা ও সেইসাথে জনগণের সাথে জনগণের আদান প্রদান ও সাংস্কৃতিক সহযোগিতাকে বৃদ্ধি করার জন্য সম্মত হয়েছেন। তারা সাম্প্রতিক আঞ্চলিক ও বৈশ্বিক উন্নয়ন, এবং জি20, আসিয়ান পরিকাঠামো, ইন্দো-প্যাসিফিক ওশেন ইনিশিয়েটিভ ( আইপিওআই) এবং ইন্দো-প্যাসিফিক ( এওআইপি) বিষয়ে আসিয়ান আউটলুক-এর মধ্যে সহযোগিতার বিষয়েও মত বিনিময় করেছেন। সেক্রেটারি (পূর্ব) ইন্দোনেশিয়াকে আন্তর্জাতিক সৌর জোট (আইএসএ) এবং কোয়ালিশন ফর ডিজাস্টার রেসিলিয়েন্ট ইনফ্রাস্ট্রাকচার (সিডিআরআই) -এ যোগদানের জন্য আমন্ত্রণ জানিয়েছেন।

3. বন্ধুত্বপূর্ণ এবং আন্তরিক পরিবেশে বৈঠকটি অনুষ্ঠিত হয়েছে। পারস্পরিক সুবিধাজনক সময়ে ভারতে পরবর্তী দফার পরামর্শ অনুষ্ঠিত হবার জন্য সম্মত হওয়া গেছে।

নিউ দিল্লি
এপ্রিল 14, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.